যুগান্তর

তারিখ 10 OCT 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

# অষ্টম শ্রেণী পর্যন্ত বেসরকারি স্কুল এমপিওভুক্তির দাবি

**যুগান্তর রিপোর্ট**

নন-এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় প্রাথমিক শিক্ষার অধিভুক্ত এবং এসব প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবি জানিয়েছেন শিক্ষকরা। রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান নন-এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক-কর্মচারী সমিতি। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের আহ্বায়ক শরীফুজ্জামান আগা খান। তিনি বলেন, সরকার প্রাথমিক শিক্ষাকে ৮ম শ্রেণী পর্যন্ত উন্নীতকরণের সিদ্ধান্ত নিয়েছে। আমরা সরকারের এই উদ্যোগকে স্বাগত জানাই। তিনি বলেন, এই স্তরে ষষ্ঠ-পরবর্তী বেসরকারি অনেক প্রতিষ্ঠান আছে। এসব প্রতিষ্ঠানে পাঠদানে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদেও বেতন-ভাতা নিশ্চিত করা সরকারের ওপর বর্তায়। সে জন্য আমরা এসব প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবি জানাচ্ছি। তিনি আরও বলেন, নিম্ন মাধ্যমিক স্তরে স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান আছে ১ হাজার ৮২৮টি। এই স্তরে কর্মরত ১২ হাজার শিক্ষক-কর্মচারীকে এমপিও দিলে বেশি অর্থ খরচ হবে না।